

হাসপাতালের নাম:

কেন্দ্রের নম্বর:

গবেষণার নম্বর:

অংশগ্রহণকারীর তথ্য সম্বলিত শীট

প্রকল্পের শিরোনাম: রিকভারি-RS রেস্পিরেটরি সাপোর্ট: কোভিড-19 এ শ্বাসযন্ত্রের
কৌশলসমূহ; CPAP, হাই-ফ্লো এবং স্ট্যান্ডার্ড সেবা

আপনাকে এই লিফলেটটি পড়তে ও বিবেচনা করতে দেওয়া হয়েছে কারণ আপনি কোভিড-19 এ আক্রান্ত হয়ে বা সন্দেহভাজন কোভিড-19 রোগী হিসেবে হাসপাতালে ভর্তি হয়েছিলেন এবং আপনার অক্সিজেনের মাত্রা যথেষ্ট রাখার জন্য সাহায্যের প্রয়োজন হয়েছিল।

তথ্য সম্বলিত শীটটি গবেষণাটিকে এবং আপনার কাছে এর প্রয়োজনীয়তাকে ব্যাখ্যা করে। আপনার অংশগ্রহণ কেবল এই মহামারি নয় বরং সম্ভাব্য ভবিষ্যৎ মহামারিতেও সাহায্য করবে। আমাদের দলের একজন সদস্য আপনার সাথে তথ্য সম্বলিত শীটটি নিয়ে আলোচনা করবেন এবং আপনার যেকোনো প্রশ্নের উত্তর দেবেন। আপনি চাইলে অন্যদের সাথে গবেষণাটি সম্পর্কে কথা বলুন এবং কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে নির্দিষ্ট জিজ্ঞাসা করুন।

গবেষণা সংক্রান্ত তথ্য

গবেষণাটি NHS হাসপাতালগুলিতে (ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস এবং উত্তর আয়ারল্যান্ডে) বা ওয়ার্ড ও জরুরি সেবাসহ বিশেষ উদ্দেশ্যে নির্মিত হাসপাতালগুলিতে চলছে। এটি 4002 জন কোভিড-19-এ আক্রান্ত বা সন্দেহভাজন কোভিড-19 রোগীকে ভর্তির পরিকল্পনা করছে।

গবেষণাটি তিনটি পৃথক চিকিৎসার তুলনা করছে যা শ্বাস প্রশ্বাসে সহায়তা করে। চিকিৎসাক্ষেত্র নিচে ব্যাখ্যা করা হলো:

A) কন্টিনিউয়াস পজিটিভ এয়ারওয়ে প্রেশার (CPAP): এই চিকিৎসায় শক্তভাবে লাগানো একটি ফেস মাস্কের মাধ্যমে ধারাবাহিকভাবে হালকা থেকে উচ্চ বায়ুচাপ প্রয়োগ করা হয়। এটি এমন ব্যক্তিদের মধ্যে শ্বাসনালীগুলি ধারাবাহিকভাবে উন্মুক্ত রাখে যারা নিজেরাই স্বাভাবিকভাবে শ্বাস নিতে সক্ষম তবে শ্বাসনালীটি পরিষ্কার রাখতে যাদের সহায়তা প্রয়োজন।

B) হাই ফ্লো নাজাল অক্সিজেন (HFNO): এটি নাকের মধ্যে টিউবের মাধ্যমে আর্দ্রতায়ুক্ত (আর্দ্র) এবং উষ্ণ অক্সিজেন দেওয়ার একটি উপায়। যে সকল রোগীর অক্সিজেনের

মাত্রা কম এবং যাদের নিজ থেকে শ্বাস নিতে অসুবিধা হয় তাদেরকে সাহায্য করতে খুব দ্রুত অক্সিজেন সরবরাহ করা হয়।

C) স্ট্যান্ডার্ড সেবা: স্ট্যান্ডার্ড সেবায় নাকের একটি সাধারণ মাস্ক বা টিউবের মাধ্যমে অক্সিজেন সরবরাহ করা হবে।

অক্সিজেনের মাত্রা পর্যাপ্ত রাখতে এবং রোগীকে শ্বাস-প্রশ্বাসে বাড়তি সাহায্যের প্রয়োজন থেকে বিরত রাখতে কোন চিকিৎসাটি সবচেয়ে ভালো তা আমরা বের করতে চাই। তিনটি চিকিৎসাই NHS-এর মধ্যে সাধারণভাবে ব্যবহৃত হচ্ছে।

আমাকে কেন গবেষণার জন্য নির্বাচন করা হয়েছে?

আপনাকে গবেষণার জন্য নির্বাচন করা হয়েছে কারণ আমরা আপনাকে কোভিড-19 এ আক্রান্ত বা সন্দেহভাজন কোভিড-19 রোগী হিসেবে শনাক্ত করেছি এবং আপনার অক্সিজেনের মাত্রা ঠিক রাখার জন্য সাহায্যের প্রয়োজন। এখন আমরা আপনাকে জিজ্ঞাসা করতে চাই যে আপনি এই গবেষণায় অংশগ্রহণ করতে চান কি না।

আমার সম্মতি আপনাদের কেন দরকার?

এই তথ্য সম্বলিত শীটটির ব্যাখ্যা অনুযায়ী ক্লিনিক্যাল প্রক্রিয়াসমূহের জন্য এবং জাতি ও নৃগোষ্ঠীর ডেটাসহ আপনার কিছু ব্যক্তিগত তথ্য সংগ্রহ, রেকর্ড এবং সংরক্ষণ করার জন্য আমাদের আপনার সম্মতি প্রয়োজন যা আমাদেরকে রোগীরা কীভাবে গবেষণায় সাড়া দেয় এবং প্রতিটি চিকিৎসা তাদের জন্য কতটা ভালো কাজ করেছে তা বিশ্লেষণ করতে সহায়তা করবে।

এরপর কী হবে?

গবেষণাটি নিয়ে আরও আলোচনা করার জন্য গবেষক দলের একজন সদস্য আপনার সাথে যোগাযোগ করবেন।

আপনি এই তথ্য সম্বলিত লিফলেটটি পড়ার সুযোগ পেয়েছেন কি না এবং আপনার কোনো প্রশ্ন আছে কি না তা আপনাকে গবেষণা দলের একজন সদস্য জিজ্ঞাসা করবেন। তারা আপনার সাথে গবেষণা ও তথ্য সম্বলিত লিফলেটটি নিয়ে আলোচনা করবেন এবং আপনার যেকোনো প্রশ্নের উত্তর দিতে যথাসাধ্য চেষ্টা করবেন।

আপনি যদি সিদ্ধান্ত নেন যে আপনি গবেষণায় অংশ নিবেন তবে গবেষক আপনার সম্মতি নথিভুক্ত করবেন। আপনাকে এই সম্মতি ফর্মের একটি কপি দেওয়া হবে, গবেষক একটি কপি রাখবেন এবং তৃতীয় একটি কপি আপনার মেডিকেল নোটে রাখা হবে।

আপনার সম্মতিক্রমে আপনাকে পরীক্ষার জন্য ভর্তি করা হবে এবং আপনাকে নিয়মিত অক্সিজেন থেরাপিযুক্ত স্ট্যান্ডার্ড সেবা, কন্টিনিউয়াস পজিটিভ এয়ারওয়ে প্রেশার (CPAP) অথবা হাই ফ্লো নাজাল অক্সিজেন (HFNO)-এর চিকিৎসা গ্রহণের জন্য এলোমেলোভাবে নির্বাচিত করা হবে। আপনি যদি অংশ নেওয়ার সিদ্ধান্ত নেন তবে আপনি 3টি গ্রুপের মধ্যে কোনটিতে থাকবেন তা বেছে নেওয়া আপনার পক্ষে সম্ভব হবে না। এটি গুরুত্বপূর্ণ যে এলোমেলো নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে এই সিদ্ধান্তটি নেওয়া হবে। 3টি গ্রুপের যেকোনো একটির জন্য আপনার নির্বাচিত হওয়ার সমান সম্ভাবনা রয়েছে।

এলোমেলো প্রক্রিয়ার পর আপনার চিকিৎসা শুরু হবে।

আমাকে কি অংশগ্রহণ করতে হবে?

আপনাকে অংশ নিতে সম্মত হতে হবে না। আপনি যদি গবেষণায় অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেন তবে এটি কোনোভাবেই আপনার চিকিৎসা বা সেবা প্রাপ্তিকে প্রভাবিত করবে না।

আপনি যেকোনো সময় কোনো কারণ না দেখিয়েই বা আপনার অধিকারকে প্রভাবিত না করে গবেষণা থেকে নিজেকে প্রত্যাহার করতে পারেন। আপনি অংশগ্রহণ করা বন্ধ করে দিলে আমরা আপনার সম্পর্কে আর কোনো তথ্য সংগ্রহ করবো না। আপনি গবেষণা থেকে নিজেকে প্রত্যাহার করার আগে ইতোমধ্যে সংগৃহীত তথ্যগুলি আমরা রাখব।

গবেষণাটিকে নির্ভরযোগ্য করার জন্য আমাদেরকে নির্দিষ্ট উপায়ে আপনার রেকর্ডগুলি পরিচালনা করতে হবে। এর অর্থ এই যে আমরা আপনার সম্পর্কে আমাদের কাছে থাকা তথ্য আপনাকে দেখতে বা পরিবর্তন করতে দিতে পারব না।

আপনার সম্পর্কিত তথ্য আমরা কীভাবে ব্যবহার করবো? আমার এই গবেষণায়

অংশ নেওয়া কি গোপন রাখা হবে?

এই গবেষণাটি করার জন্য, কোন চিকিৎসাটি সবচেয়ে কার্যকর তা খুঁজে বের করার জন্য ওয়ারউইক ইউনিভার্সিটি আপনার চিকিৎসা রেকর্ড থেকে তথ্য ব্যবহার করবে।

ওয়ারউইক ইউনিভার্সিটির নির্দেশাবলী মেনে হাসপাতালের কর্মীরা এবং ওয়ারউইক ইউনিভার্সিটির কর্মীরা এই গবেষণার জন্য আপনার মেডিকেল রেকর্ড, GP রেকর্ড, অন্যান্য NHS ডেটা উৎস এবং ইনস্টেনসিভ কেয়ার ন্যাশনাল অডিট অ্যান্ড রিসার্চ সেন্টার থেকে তথ্য সংগ্রহ করবেন। আমরা শুধু সেই তথ্যই ব্যবহার করবো যা সত্যিই এই গবেষণার জন্য ব্যবহার করা প্রয়োজন।

গবেষণার বিষয়ে আপনার সাথে যোগাযোগ করতে, আপনার সেবার জন্য গবেষণার বিষয়ে প্রাসঙ্গিক তথ্য রেকর্ড করা হয়েছে কি না তা নিশ্চিত করতে এবং গবেষণার মান পর্যবেক্ষণ করতে আমরা আপনার নাম, জন্ম তারিখ, NHS নম্বর বা CHI নম্বর এবং যোগাযোগের বিস্তারিত (পোস্টকোড) ব্যবহার করবো। NHS হাসপাতালের কর্মীরা সুরক্ষিত পদ্ধতিতে ওয়ারউইক ইউনিভার্সিটিতে এই বিবরণগুলি পাঠাবেন। গবেষণার ডেটা সুরক্ষিতভাবে রাখা হবে এবং শুধুমাত্র অনুমোদিত কর্মীদের দ্বারা ব্যবহারযোগ্য হবে।

ওয়ারউইক ইউনিভার্সিটি এবং গবেষণায় অংশ নেওয়া হাসপাতালগুলি গবেষণা শেষ হওয়ার পরে কমপক্ষে 10 বছরের জন্য আপনার সম্পর্কে তথ্য সংরক্ষণ করবে যাতে আমরা ফলাফলগুলি পরীক্ষা করতে পারি।

আপনার তথ্য ব্যবহার, পরিবর্তন বা সরানোর ক্ষেত্রে আপনার অধিকার সীমিত, কারণ গবেষণাকে নির্ভরযোগ্য ও নির্ভুল করার জন্য আমাদেরকে নির্দিষ্ট উপায়ে আপনার তথ্য পরিচালনা করতে হবে। আপনি যদি পরবর্তীতে এই গবেষণা থেকে নিজেকে প্রত্যাহার করার সিদ্ধান্ত নেন সেক্ষেত্রে আমরা ইতোমধ্যে সংগৃহীত তথ্যগুলি রাখব। আপনার অধিকার রক্ষার জন্য আমরা যথাসম্ভব সর্বনিম্ন ব্যক্তিগতভাবে-শনাক্তযোগ্য তথ্য ব্যবহার করবো।

ওয়ারউইক ইউনিভার্সিটি এবং নিয়ন্ত্রক সংস্থাগুলির ব্যক্তির গবেষণার যথার্থতা পরীক্ষা করতে আপনার মেডিকেল এবং গবেষণার রেকর্ডগুলি দেখতে পারেন।
তথ্য বিশ্লেষণকারী লোকেরা আপনাকে শনাক্ত করতে পারবেন না।

আপনি যদি এই গবেষণায় অংশ নিতে সম্মত হন তাহলে আমরা যে তথ্য সংগ্রহ করবো তা ভবিষ্যতের প্রকল্পগুলির জন্য অন্যান্য গবেষণা দলের সাথে ভাগাভাগি করা হতে পারে এবং স্টেট স্বাস্থ্য ও সামাজিক সেবা বিষয়ক সেক্রেটারির পরামর্শ অনুযায়ী, আপনার গোপনীয় তথ্য কোভিড-19 সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহের সাথে ভাগাভাগি করা হবে। (সেক্রেটারি অব স্টেটস হেলথ অ্যান্ড সোশ্যাল কেয়ারের (ইংল্যান্ড) এর প্রদানকৃত পরামর্শ উত্তর আয়ারল্যান্ডের রোগীদের তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে ওয়ারউইক ইউনিভার্সিটি রিসার্চ প্রাইভেসি নোটিশ দেখুন যা এই লিঙ্কে পাওয়া যাবে:

<https://warwick.ac.uk/services/idc/dataprotection/privacynotices/researchprivacynotice>

(আপনি গবেষণা দলের কাছে এই নথির একটি কপি অনুরোধ করতে পারেন) অথবা তথ্য

এবং ডেটা কমপ্লায়েন্স টিমের সাথে GDPR@warwick.ac.uk এ যোগাযোগ করে তা সংগ্রহ করতে পারেন।

রিকভারি RS শুরুতে রোগীর তথ্য সম্বলিত শীট v2.0 29.05.2020

IRAS: 282338

আমরা কিভাবে আপনার তথ্য ব্যবহার করব সে সম্পর্কে আপনি আরও জানতে পারেন এই

ঠিকানায়:

<https://www.hra.nhs.uk/planning-and-improving-research/policies-standards-legislation/data-protection-and-information-governance/gdpr-guidance/templates/template-wording-for-generic-information-document/> (আপনি

গবেষণা দলের কাছে এই নথির একটি কপিও অনুরোধ করতে পারেন)।

অংশগ্রহণের মধ্যে কী অন্তর্ভুক্ত থাকবে?

আপনি আপনার শ্বাসকষ্টে সহায়তা পাওয়ার জন্য গবেষণা দ্বারা নির্ধারিত চিকিৎসা গ্রহণ করবেন। আপনার অবিরত চিকিৎসা ও সুস্থতা সংক্রান্ত তথ্যও আমরা সংগ্রহ করবো। আপনি কী চিকিৎসা পেয়েছেন আমরা তা রেকর্ড করবো এবং 30 দিনের জন্য বা আপনার হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার আগ পর্যন্ত আপনাকে ফলো আপ করবো। এটি কোভিড-19 আক্রান্তদের জন্য কোন চিকিৎসাটি ভালো কাজ করে এবং তাদের শ্বাস-প্রশ্বাসে বাড়তি সহায়তার প্রয়োজনীয়তা বন্ধ করে তা আমাদের বুঝতে সাহায্য করবে।

পরীক্ষামূলক চিকিৎসা শেষ হয়ে যাওয়ার পর আপনার উপর আর কোনো প্রভাব পড়বে না, আপনি এখনো হাসপাতালে থেকে থাকলে আপনি স্বাভাবিকভাবেই সেবা ও চিকিৎসা পেতে থাকবেন।

অংশ নেওয়ার সম্ভাব্য সুবিধা এবং ঝুঁকিগুলি কী কী?

স্ট্যান্ডার্ড সেবা যখন অক্সিজেন সরবরাহকে উন্নত করে তখন হাই ফ্লো নাজাল অক্সিজেন এবং CPAP উভয়ের প্রত্যাশিত সুবিধা হলো তারাও আপনার ফুসফুসে অক্সিজেন সরবরাহকে উন্নত করে। এটি আপনাকে আরও ভালো এবং শ্বাসকষ্ট কম বোধ করতে সহায়তা করতে পারে। এটি আপনাকে একটি সাধারণ অ্যানেসথেটিকের অধীনে এবং একটি ভেন্টিলেটরে রাখার প্রয়োজন এড়াতেও সহায়তা করতে পারে।

কিছু লোক হাই ফ্লো নাজাল অক্সিজেন এবং CPAP উভয়েরই অনুভূতি পছন্দ করে না। উদাহরণস্বরূপ, তারা মানুষকে আবদ্ধভাবে বোধ করতে পারে। CPAP আপনাকে অসুস্থ বোধ করতে পারে, আপনার বমির কারণ হতে পারে এবং আপনার নাক ও মুখের চারপাশে চাপের কারণে কিছুটা ঘা সৃষ্টি করতে পারে। যদি আপনি এই অভিজ্ঞতাগুলির সম্মুখীন হন তাহলে চিকিৎসা বন্ধ করা যেতে পারে।

যদি আপনাকে স্ট্যান্ডার্ড মাস্কের মাধ্যমে অক্সিজেন গ্রহণ করতে বা আস্তে আস্তে আপনার নাকে অক্সিজেন প্রবেশ করানো হয় তবে মুখ/ নাকের শুষ্কতা বা আবদ্ধ অনুভূতি ছাড়া কোনো সমস্যা হওয়ার সম্ভাবনা থাকবে না।

যদি আপনি একবার চিকিৎসা শেষ করে থাকেন তবে আপনার এই গবেষণায় অংশ নেওয়া সম্পর্কিত কোনো উল্লেখযোগ্য ব্যক্তিগত প্রত্যক্ষ সুবিধা বা ঝুঁকি নেই। তবে, আপনার কাছ থেকে আমরা যে তথ্য সংগ্রহ করি তা ভবিষ্যতে অন্যান্য রোগীদের চিকিৎসার সর্বোত্তম উপায় কী সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে সহায়তা করবে।

যদি কোনো কিছু ভুল হয় তাহলে?

আপনার গবেষণায় অংশগ্রহণের ফলে কিছু ভুল হওয়ার সম্ভাবনা খুব কম কারণ গবেষণার মাধ্যমে প্রদত্ত চিকিৎসা বর্তমানে সকল শ্বাসকষ্টের রোগীদের চিকিৎসার জন্য NHS-এর মধ্যে ব্যবহার করা হয়। কোন চিকিৎসাটি সবচেয়ে ভালো গবেষণাটি সেটাই তুলনা করছে। আপনার চিকিৎসা প্রদানকারী হাসপাতালগুলি প্রতিটি চিকিৎসা দেওয়ার জন্য তাদের সাধারণ ক্লিনিক্যাল চর্চা অনুসরণ করবে।

তবে, যদি আপনি মনে করেন যে কারো অবহেলার কারণে চিকিৎসা চলাকালীন আপনার ক্ষতি হয়েছে তাহলে আপনার কাছে সম্পূর্ণ NHS সংস্থার বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের ভিত্তি থাকতে পারে কিন্তু আপনাকে আপনার আইনি খরচ দিতে হতে পারে।

গবেষণার ফলাফলের কী হবে?

এই গবেষণাটি শেষ হতে প্রায় 2 বছর সময় লাগবে। অন্তর্বর্তীকালীন ফলাফলগুলি পাওয়ার সাথে সাথে অন্যান্য স্বাস্থ্যকর্মীদের সাথে বিনিময় করা হবে এবং আমরা মেডিকেল জার্নালে গবেষণার ফলাফল প্রকাশ করবো। যখন গবেষণা থেকে কোনো তথ্য প্রকাশিত হবে এতে ব্যক্তিগত তথ্য থাকবে না এবং আপনাকে উল্লেখ করা সম্ভব হবে না।

আমরা নিশ্চিত করবো যে গবেষণার ফলাফলগুলি ব্যাপকভাবে ভাগাভাগি করা হয়েছে। আপনি যদি প্রকাশিত ফলাফলের একটি কপি চান তাহলে অনুগ্রহ করে গবেষণাকারী দলের সাথে যোগাযোগ করুন (যোগাযোগের বিস্তারিত নিচে)।

এই গবেষণাটি কে পরিচালনা এবং অর্থায়ন করছে?

ওয়ারউইক ইউনিভার্সিটির অধ্যাপক গ্যাভিন পারকিন্স এবং কুইনস ইউনিভার্সিটি বেলফাস্টের অধ্যাপক ড্যানি ম্যাকউলির নেতৃত্বে একদল চিকিৎসক এবং বিজ্ঞানী এই গবেষণাটি পরিচালনা করেছেন।

গবেষণার ব্যয়গুলি NHS এবং জাতীয় স্বাস্থ্য গবেষণা ইনস্টিটিউট দ্বারা পূরণ করা হচ্ছে।

রোগী এবং জনসাধারণকে কীভাবে এই গবেষণায় যুক্ত করা হয়েছে?

রোগী এবং জনপ্রতিনিধিরা আমাদের নিশ্চিত করতে সাহায্য করেছেন যে রোগীর দৃষ্টিভঙ্গি কীভাবে গবেষণাটি সাজানো এবং পরিচালিত হয় তার প্রতি কেন্দ্রীভূত থাকে। রোগী এবং জনপ্রতিনিধিরা গবেষণা দলের অংশ হিসেবে আমাদের সাথে নিবিড়ভাবে কাজ চালিয়ে যাবেন

যা পরীক্ষাটি কীভাবে পরিচালিত হয় এবং পাশাপাশি এটি কীভাবে বিশ্লেষণ করা হবে ও অন্যদের সাথে বিনিময় করা হবে তা অবহিত করতে সহায়তা করবে।

এই গবেষণাটি কে পর্যালোচনা করেছে?

NHS-এর সকল গবেষণা আপনার সুরক্ষা, অধিকার, মঙ্গল ও মর্যাদাকে সুরক্ষিত করার জন্য রিসার্চ এথিকস কমিটি নামে একদল স্বাধীন কর্মীর দ্বারা পর্যালোচনা করা হয়। এই গবেষণাটি লন্ডন - ব্রাইটন এবং সাসেক্স ও স্কটল্যান্ড রিসার্চ এথিকস কমিটি দ্বারা পর্যালোচিত হয়েছিল এবং অনুকূল একটি মতামত পেয়েছিল। গবেষণাটি হেলথ রিসার্চ অথরিটি (HRA) এবং ন্যাশনাল ইন্সটিটিউট ফর হেলথকেয়ার রিসার্চ (NIHR) দ্বারাও পর্যালোচনা করা হয়েছে।

যদি প্রাসঙ্গিক নতুন তথ্য পাওয়া যায় সেক্ষেত্রে কী হবে?

যদি নতুন বা প্রাসঙ্গিক তথ্য পাওয়া যায় যা বলে যে এক বা একাধিক গবেষণার চিকিৎসা রোগীর ক্ষতি করছে বা সেগুলি অকার্যকর তবে এই চিকিৎসা বন্ধ হয়ে যাবে। আপনার সেবাদানকারী দল নিশ্চিত করবে যে আপনি সর্বোচ্চ সেবা প্রাপ্তি চালিয়ে যেতে থাকবেন। বাকি দুইটি চিকিৎসা বিকল্প নিয়ে গবেষণা চলতে পারে।

গবেষণাটি সম্পর্কে আমার কোনো প্রশ্ন, উদ্বেগ বা অভিযোগ থাকলে কী হবে?

এই গবেষণার যেকোনো দিক সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে তবে আপনার গবেষকদের সাথে কথা বলা উচিত যারা আপনার প্রশ্নের উত্তর দেওয়ার যথাসাধ্য চেষ্টা করবেন।

আপনি যদি আপনার চিকিৎসার কোনো দিক নিয়ে অসন্তুষ্ট হন এবং অভিযোগ করতে চান

সেক্ষেত্রে আপনি NHS অভিযোগ প্রক্রিয়ার মাধ্যমে তা করতে পারেন। আপনি

হাসপাতালগুলির পেশেন্ট অ্যাডভাইস লিয়াজেঁ সার্ভিস (PALS) বা হাসপাতালগুলির পেশেন্ট

অ্যাডভাইস অ্যান্ড সাপোর্ট সার্ভিস (PASS) বা স্থানীয় ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপের সাথে

যোগাযোগ করতে পারেন। NHS অভিযোগ পদ্ধতি সম্পর্কে আরও তথ্যের জন্য বা আপনার

স্থানীয় যোগাযোগের সন্ধান করতে এখানে যান:

<http://www.nhs.uk/choiceintheNHS/Rightsandpledges/complaints/> (আপনি গবেষণা দলের

কাছে এই নথির কপির জন্য অনুরোধ করতে পারেন)।

আপনি যদি অসন্তুষ্ট থাকেন এবং আনুষ্ঠানিকভাবে অভিযোগ করতে চান তাহলে আপনি

নিচের ব্যক্তির সাথে যোগাযোগ করে এটি করতে পারেন, যিনি ওয়ারউইক ইউনিভার্সিটির

একজন সিনিয়র কর্মকর্তা এবং এই গবেষণা থেকে স্বাধীন:

উপ-পরিচালক/রিসার্চ গভার্নেন্স রিসার্চ অ্যান্ড ইম্প্যাক্ট সার্ভিসেস এর প্রধান
ইউনিভার্সিটি ভবন
ওয়ারউইক ইউনিভার্সিটি

Coventry
CV4 8UW
টেলিফোন: 024 76 522746

ইমেইল: researchgovernance@warwick.ac.uk

এই গবেষণাটি NHS এবং ওয়ারউইক ইউনিভার্সিটির বিমা ও ক্ষতিপূরণ দ্বারা কাভারকৃত।
গবেষণার সময় আপনার সাথে যেভাবে আচরণ করা হয়েছে সে বিষয়ে বা আপনার যেকোনো
সম্ভাব্য ক্ষতি সম্পর্কে যেকোনো অভিযোগ চিহ্নিত ও সমাধান করা হবে।

গবেষণার সময় কারো অবহেলার কারণে আপনার ক্ষতি হয়ে থাকলে ওয়ারউইক ইউনিভার্সিটি
বা সংশ্লিষ্ট NHS সংস্থার বিরুদ্ধে ক্ষতিপূরণ পাওয়ার জন্য আপনার আইনি ব্যবস্থা গ্রহণের ভিত্তি
থাকতে পারে কিন্তু আপনাকে আপনার আইনি খরচ দিতে হতে পারে। সাধারণ জাতীয়
স্বাস্থ্যসেবা অভিযোগের পদ্ধতিগুলি তখনো আপনি পাবেন।

গবেষণা সম্পর্কে আরও তথ্যের জন্য আমি কার সাথে যোগাযোগ করবো?

আপনার যদি কোনো প্রশ্ন থাকে তবে আপনার হাসপাতালের মেডিকেল টিমের সাথে কথা
বলুন। গবেষণা বিষয়ক আরও তথ্য গবেষণার ওয়েবসাইটেও পাওয়া যাবে

(<https://warwick.ac.uk/fac/sci/med/research/ctu/trials/recovery-rs/>)।

এই তথ্য সম্বলিত লিফলেটটি পড়ার জন্য আপনাকে ধন্যবাদ